



এমআইএসটি

(ডাইরেক্টরেট অব স্টুডেন্টস ওয়েলফেয়ার)



অনলাইন প্রবন্ধ প্রতিযোগিতা : “শিশুদের বন্ধু বঙ্গবন্ধু”

১। আগামী ১৭ মার্চ ২০২২ তারিখ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী এবং জাতীয় শিশু দিবস উপলক্ষে অনলাইন প্রবন্ধ প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। প্রবন্ধের বিষয়বস্তু নিম্নরূপঃ

ক। হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, তার অবিসংবাদিত নেতৃত্বেই স্বাধীন সার্বভৌম বাংলাদেশের জন্ম। ত্যাগের মহিমায় উজ্জ্বল তার জীবন এবং স্থায়ীত্বকাল। সাধারণ মানুষের জীবন ভাবনায় একাত্ম হয়ে তাদের সাথে অভিনুতার যোগসূত্র রচনার বিরল বৈশিষ্ট্য তাকে করেছে মহান। সমগ্র মানবজাতির কাছে তার কীর্তিকথা বিশেষভাবে প্রাসঙ্গিক। জাতির জনকের বলিষ্ঠ নেতৃত্বাবলী আমাদের তরুন প্রজন্মের জন্য ভবিষ্যত বাংলাদেশ গঠনের এক অনবদ্য ইতিহাস এবং আশা জাগানিয়ার প্রত্যয়। সেই আলোকে তরুন প্রজন্মের দেশ গঠনের ভূমিকায় রয়েছে অনেক দায়িত্ব এবং কর্তব্য। বঙ্গবন্ধুর আদর্শকে ধারণ করে এবং বিশ্ব শিশু দিবস উপলক্ষে “শিশুদের বন্ধু বঙ্গবন্ধু” শীর্ষক প্রবন্ধের একটি সংক্ষিপ্ত রূপরেখা অঙ্কন কর।

২। লেখা প্রেরণ কালে লেখক কর্তৃক নিম্নবর্ণিত শর্তসমূহ পূরণ করতে হবে:

ক। শব্দ সংখ্যা ১০০০-১২০০ এর মধ্যে সীমাবদ্ধ থাকতে হবে।

খ। স্বহস্তে লিখিত পিডিএফ আকারে office@dsw.mist.ac.bd ই-মেইল এ্যাড্রেসে প্রেরণ করতে হবে।

গ। লেখক কর্তৃক প্রেরিত রচনার শেষে নিম্নলিখিত তথ্যাবলী অবশ্যই সঠিকভাবে লিপিবদ্ধ করতে হবে:

পদবী ও ব্যক্তিগত নম্বর(শুধুমাত্র সামরিক অফিসারদের জন্য)	লেখকের নাম	বিভাগ	লেভেল	রোল	মোবাইল নম্বর	ই-মেইল এ্যাড্রেস	লিখিত প্রবন্ধের শব্দ সংখ্যা

ঘ। লেখা প্রেরণকালে লেখক কর্তৃক বানান শুদ্ধিকরণ, সাধু ও চলিত ভাষার মিশ্রণ পরিহার, ব্যাকরণগত ভুল ভ্রান্তি সংশোধন করে সঠিকতা যাচাইপূর্বক প্রেরণ করতে হবে।

ঙ। ঐতিহাসিক কোন তথ্য প্রদান করা হলে তা তথ্যগতভাবে নির্ভুল ও সুনির্দিষ্ট হতে হবে।

চ। লেখায় Plagiarism কোনভাবেই গ্রহণযোগ্য হবে না।

ছ। লেখাসমূহ ১৭ মার্চ ২০২২ তারিখ রাত ১২০০ ঘটিকার মধ্যে office@dsw.mist.ac.bd ই-মেইল ঠিকানায় প্রেরণ করতে হবে।

৩। এ প্রতিযোগিতায় পাঁচ জন প্রতিযোগিকে পুরস্কৃত করা হবে। পুরস্কার বিবরণী নিম্নরূপ:

ক। ১ম পুরস্কার : ১০,০০০/- টাকা।

খ। ২য় পুরস্কার : ৬,০০০/- টাকা।


গ। ৩য় পুরস্কার : ৪,০০০/- টাকা।

ঘ। ৪র্থ পুরস্কার : ৩,০০০/- টাকা।

ঙ। ৫ম পুরস্কার : ২,০০০/- টাকা।

৪। নির্দিষ্ট বোর্ড কর্তৃক যাচাই-বাচাই করত: আগামী ২২ মার্চ ২০২২ তারিখ এমআইএসটি ওয়েবসাইটে পুরস্কার প্রাপ্তদের নাম প্রকাশ করা হবে।

৫। বিষয়টি আপনাদের পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।


চৌধুরী সাইফ উদ্দিন কাউসার
কর্নেল
পরিচালক ছাত্র কল্যাণ